গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
শেরে বাংলা নগর, ঢাকা
www.imed.gov.bd

এপিএ বাস্তবায়ন সংক্রান্ত বিশেষ সভার কার্যবিবরণী।

সভাপতি	:	প্রদীপ রঞ্জন চক্রবর্তী সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
তারিখ	:	২৪ ডিসেম্বর ২০২০
স্থান	:	এ বিভাগের সম্মেলন কক্ষ
সময়	:	সকাল-১০.৩০ ঘটিকা

উপস্থিত কর্মকর্তাবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কাজ আরম্ভ করেন। তিনি জানান যে, আইএমইডি'র এপিএ টিম লিডার হিসেবে অতিরিক্ত সচিব (প্রশাসন) দায়িত্বপ্রাপ্ত। তিনি গত ০২/১১/২০২০ খ্রিঃ তারিখে পিআরএল গমন করেছেন। এ প্রেক্ষিতে এপিএ সুষ্ঠুভাবে বাস্তবায়নকল্পে এই বিশেষ সভা আহবান করা হয়েছে।

০২। সভাপতির অনুমতিক্রমে এপিএ ফোকাল পয়েন্ট জনাব মোহাম্মদ আরিফুর রহমান, উপসচিব জানান যে, বার্ষিক কর্মসম্পাদন সূচকের অনুচ্ছেদ ১.১.১ অনুযায়ী জারিকৃত পরিবীক্ষণ প্রতিবেদন ৫৩০ এর মধ্যে ১৯৫টি পরিদর্শনপূর্বক জারি করা হয়েছে, অনুচ্ছেদ-১.১.২ অনুযায়ী ফাস্টট্র্যাক প্রকল্পের মধ্যে ৬২% পরিদর্শন করা হয়েছে, অনুচ্ছেদ ১.১.৪ অনুযায়ী অন-লাইন প্রকল্প মনিটরিং ৮০টির মধ্যে ৪৬ টি সভা অনুষ্ঠিত হয়েছে, অনুচ্ছেদ ১.৪.১ অনুযায়ী জারিকৃত প্রান্তিক প্রকল্প মূল্যায়ন প্রতিবেদন (পিসিআর) ১৬০টির মধ্যে পরিদর্শনপূর্বক জারিকৃত সংখ্যা ৪৩টি, অনুচ্ছেদ ১.৭.১ অনুযায়ী আয়োজিত ভিডিও কনফারেন্সিং ১৫টির মধ্যে ০২টি অনুষ্ঠিত হয়েছে, অনুচ্ছেদ ১.৮.১ অনুযায়ী বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভায় ১০টির মধ্যে অংশগ্রহণ ০৯টি সম্পন্ন হয়েছে।

০৩। সভায় সিপিটিইউর মহাপরিচালক জানান যে, বার্ষিক কর্মসম্পাদন সূচকের অনুচ্ছেদ ২.২.১ অনুযায়ী দীর্ঘমেয়াদী এবং অনুচ্ছেদ ২.২.২ অনুযায়ী স্বল্পমেয়াদী প্রশিক্ষণ কোভিড-১৯ এর কারণে লক্ষ্যমাত্রা অনুযায়ী নভেম্বর/২০২০ পর্যন্ত অর্জন কম হয়েছে। আগামী জুন/২০২১ সালের মধ্যে লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন সম্ভব হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন।

০৪। অনুচ্ছেদ ২.১.১ অনুযায়ী ই-নথিতে ৮০% নোট নিষ্পত্তির বিষয়ে, অনুচ্ছেদ ৩.১.১ অনুযায়ী ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত, অনুচ্ছেদ ৩.২.২ অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত আইএমইডি'র সুপারিশ বাস্তবায়িত, অনুচ্ছেদ ৩.৩ অনুযায়ী অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়নের বিষয়ে এবং বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার অনুমোদন সাপেক্ষে অর্ধবার্ষিকী (০১ জুলাই হতে ৩১ ডিসেম্বর ২০২০ তারিখ পর্যন্ত) লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনসমূহ নির্ধারিত সময়ের মধ্যে APAMS সফটওয়্যারের মাধ্যমে এন্ট্রিপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের সভায় আলোচনা হয়।

০৫। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

(ক) বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সূচকের অনুচ্ছেদ ২.২.১ অনুযায়ী দীর্ঘমেয়াদী এবং অনুচ্ছেদ ২.২.২ অনুযায়ী স্বল্পমেয়াদী প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে;

(খ) অনুচ্ছেদ ২.১.১ অনুযায়ী ই-নথিতে ৮০% নোট নিষ্পত্তির বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এ বিভাগের সকল কর্মকর্তা-কে ই-নথিতে নোট নিষ্পত্তির বিষয়ে অবহিত করার জন্য পত্র প্রেরণ করতে হবে;

(গ) অনুচ্ছেদ ৩.১.১ অনুযায়ী বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদন করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়,

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য:

E:\AO-1\APA\APA_2020-2021\APA 2020-2021, IMED\APA Resolution 2020-21.docx

(ঘ) অনুচ্ছেদ ৩.২.২ অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত আইএমইডি'র সুপারিশ বাস্তবায়নের লক্ষ্যে এ বিভাগের ডিজিটাইজিং ইমপ্লিমেন্টেশন মনিটরিং এন্ড পাবলিক প্রকিউরমেন্ট প্রজেক্ট (ডিআইএমএপিপিপি) এবং (CDMRI-ECBSS) প্রকল্প ০২টির পরিদর্শনপূর্বক সুপারিশ বাস্তবায়ন করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়,

(ঙ) অনুচ্ছেদ ৩.৩ অনুযায়ী অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের বিষয়ে সভা আহ্বান করতে হবে;

(চ) বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার অনুমোদন সাপেক্ষে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২১ অর্থবছরের অর্ধবার্ষিকী (০১ জুলাই হতে ৩১ ডিসেম্বর ২০২০ তারিখ পর্যন্ত) লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনসমূহ নির্ধারিত সময়ের মধ্যে APAMS সফটওয়্যারের মাধ্যমে এন্ট্রিপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

০৬। পরিশেষে অন্য কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-২৭/১২/২০২০
(প্রদীপ রঞ্জন চক্রবর্তী)
সচিব
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।

নথি নং-২১.০০.০০০০.০০৩.০৫.০২২.২০(অংশ-১).৪৫৮

তারিখ: ১৩ পৌষ ১৪২৭
২৮ ডিসেম্বর ২০২০

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
{দৃঃআঃ-সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (নীতি ও মূল্যায়ন) শাখা}।
২. প্রধান, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৩. যুগ্মসচিব (প্রশাসন), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৪. মহাপরিচালক (সকল), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৫. যুগ্মসচিব, সমন্বয় ও এমআইএস সেক্টর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৬. জনাব কাজী আনোয়ার হোসেন, পরিচালক (যুগ্মসচিব), পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-২ (পরিবহন),বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৭. জনাব মোঃ মাহবুবুর রহমান, পরিচালক (উপসচিব), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৯. জনাব মুহাম্মদ মশিউর রহমান, সিনিয়র প্রোগ্রামার, সমন্বয় ও এমআইএস সেক্টর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
১০. জনাব মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন, প্রোগ্রামার, সমন্বয় ও এমআইএস সেক্টর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
১১. জনাব নাজনীন নাহার, প্রোগ্রামার, সমন্বয় ও এমআইএস সেক্টর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
[অনুচ্ছেদ ২.১.১ অনুযায়ী ই-নথিতে ৮০% নোট নিষ্পত্তির বিষয়ে এ বিভাগের সকল কর্মকর্তা-কে ই-নথিতে নোট নিষ্পত্তির বিষয়ে অবহিত করার নিমিত্ত পত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো]।
১২. সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা (চলতি দায়িত্ব), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।

28/12/2020
(মোহাম্মদ আরিফুর রহমান)
উপসচিব
ফোন:-৯১১৮২৭১

E:\AO-1\APA\APA_2020-2021\APA 2020-2021, IMED\APA Resolution 2020-21.docx